অপরেশনের পর রোগীর মাথা ব্যান্ডেজ দিয়ে বাঁধা থাকে এবং মাথার ভেতর অপরেশন এর স্থল থেকে রক্ত বা শ্রাবের বার হওয়ার জন্য, একটি নলিকা লাগানো থাকে। অপরেশনের পশ্চাৎ, অনেক সময় মাথার আশেপাশে কিম্বা মুখের ওপর ফোলা আসে। এই ফোলা অবস্থা অপরেশনের কিছু দিনের মধ্যেই ধীরে ধীরে কম হোয়ে যায়।

স্টেরযেড় বা 'ফিট' বন্ধ করার অসুধ

ব্রেনের অপেরেশনের পূর্বে এবং পরে এই স্টেরয়েড় বা হরমোন চিকিৎসা এবং 'ফিট' বন্ধ করার জন্য অসুধ দেওয়া হয়।

ষ্টেরয়েড চিকিৎসা

এই অসুটটি ব্রেন টিউমার এর আশে পাশের ফোলা কম করবার জন্য দেওয়া হয়। যদিও এই অসুধটি টিউমারের চিকিৎসার জন্য দেওয়া হয় না। কিন্তু এটি বাকি আনুসাঙ্গিক ব্যাথা বা বেদনা কম করতে সাহায্য করে। শল্যচিকিৎসক আগে, কিম্বা শল্যচিকিৎসার সময়, অথবা শল্যচিকিৎসার পরও, ষ্টেরয়েড চিকিৎসা অনেকদিন ধরে নিতে হোলো, তার কিছু কিছু বিরূপ প্রতিক্রিয়াও হোতে পারে, যেমন শরীরের ওজন বাড়া, বদ্‌হজমী হওয়া, রক্তচাপ বাড়া, অথবা মুখের মধ্যে ফানগাস ইনফেক্শনের হওয়ার সম্ভবনা কিছুটা বেড়ে যায়। কিম্বা কেউ কেউ অনিদ্রা বা মানসিক অসুস্থতা ইত্যাদি ব্যাধিগ্রস্থ হোতে পারে। রক্তে সুগার বেড়ে মধুমেহ হোতে পারে।

উপরোক্ত লক্ষণ দেখা দিলে, আপনার ডাক্তার আপনার জন্য, যে ওসুধ লিখে দেবেন সেগুলি আপনাকে রীতিমত খেতে হবে। তাহলেই রোগীর ব্লাড্‌সুগার কিম্বা রক্তাচাপ সাধারণ অবস্থায় ফিরে আসবে কিছু সময় পরে।

বেশী সময়ের জন্য ষ্টেরয়েড্ খেলে ওজন বাড়তে পারে এবং হাত পায়ের মাংশপেশী দুর্বল লাগতে পারে বা হাড়ের মধ্যে থেকে ক্যালশিয়াম কম হোতে পারে। বিরূপ প্রতিক্রিয়া অল্পস্থায়ী এবং চিকিৎসাপূর্ণ হওয়ার বা ওসুধ বন্ধ করার পর ধীরে ধীরে কম হোয়ে যায়।

'ফিট' বন্ধ করার অসুধ

এই অসুধগুলি ফিট বন্ধ করার জন্য অথবা ফিট না হওয়ার জন্য দেওয়া হয়, ব্রেন টিউমারের রোগীকে। কিম্বা ব্রেন টিউমার অপারেশনের পরেও দেওয়া হয় রোগীকে।

এই অসুধ অনেক জাতের থাকে এবং রোগীর ডাক্তারই নিশ্চয় করে দেন, কোন প্রকারের ফিটের অসুধ খাওয়া রোগীর পক্ষে উপযুক্ত। এর অনুসঙ্গিক প্রতিক্রিয়া সম্বন্ধেও ডাক্তার রোগীকে জানিয়ে দেয়। কখনও কখনও দুই বা তিন প্রকারের ফিটের অসুধ রোগীর একসঙ্গে খেতে হয়।

'ক্ষ' কিরন দ্বারা চিকিৎসা - রেডিওথেরপী

কিরন চিকিৎসা দ্বারা শক্তিশালী কিরনের সাহায্যে ক্যানসারের পেশী কোষ গুলি নস্ট করে দেওয়া হয়। কিন্তু শরীরের সুস্থ পেশীগুলোর ওপর ও যাহাতে বিপরীত ফল বা ক্ষতি না হয়, তার জন্য আবশ্যক বন্দবস্তু করা হয়। এই কিরন চিকিৎসা সাধারণত: শরীর এর বাইরে থেকে 'ক্ষ' কিরন মেশিন দিয়ে দেওয় হয়। একে বাহিক 'ক্ষ' কিরন চিকিৎসা বলা হয়।

Jascap এর কাছে 'ক্ষ' কিরন চিকিৎসা সম্বন্ধিত পুস্তিকা আছে যাতে এই প্রকারের চিকিৎসা সম্বন্ধে বিস্তারিত বিবরণ দেওয়া হোয়েছে নিম্মোক্ত প্রমাণে:

- কখন 'ক্ষ' কিরনের চিকিৎসার প্রয়োজন হয়।
- এই চিকিৎসা আরম্ভ করার আগে তার বিস্থারিত আলোচনা ও বিচারের বিবরণ।
- 'ক্ষ' কিরন চিকিৎসা দেওয়ার বিভিন্ন পদ্ধতি।
- 'ক্ষ' কিরন চিকিৎসার বিরূপ প্রতিক্রিয়া।

'ক্ষ' কিরন চিকিৎসা অনেক সময় শল্যচিকিৎসার পর দেওয়া। যাতে করে, যদি কোনও টিউমার কোষ অবশিষ্ট থাকে, তার নাশ করার জন্য। কিম্বা যখন ব্রেন টিউমার অপারেশন করে বার করে দেওয়া সম্ভব না হয়, কিম্বা যখন অপেরেশনের পর আবার টিউমারের উদ্ভব হয়, কিম্বা যখন কোনও প্রসারিত (সেকেন্ডারী) ব্রেন টিউমারের চিকিৎসার প্রয়োজন হয়।

'ক্ষ' কিরন চিকিৎসা হাসপাতালের 'ক্ষ' কিরন বিভাগেই দেওয়া হয়। এক সপ্তাহমধ্যে পাঁচ দিন এই চিকিৎসা দেওয়া হয়। এবং সপ্তাহের শেষের 2 দিন বন্ধ রাখা হয়।

কত সপ্তাহ রোগীর চিকিৎসা চলবে, তা টিউমারের জাত ও আকারের ওপর নির্ভর করে।





প্রত্যেক ডাক্তারের চিকিৎসার পদ্ধতি বিভিন্ন হতে পারে। কেউ কেউ সপ্তাহের মধ্যে কেবল তিন দিনও কিরন চিকিৎসা দিতে চান।

এই প্রকারের চিকিৎসা সাধারন পদ্ধতির বাহ্যিক 'ক্ষ' কিরন-এর চিকিৎসা এবং সেই সব টিউমারকে দেওয়া হয় যেটি অপেরেশন করে বার করে দেওয়া সম্ভব নয়।

এই পদ্ধতি ছাড়া আরও অনেক আধুনিক পদ্ধতিতে 'ক্ষ' কিরন চিকিৎসা দেওয়া হয়। যেমন SMART এই প্রকারের মেশিন বিভিন্ন দিশা থেকে শক্তিশালী কিরন দিয়ে টিউমারের নাশ করার চেষ্টা করে। এই পদ্ধতি দ্বারা টিউমারটিকে খুব শক্তিশালী কিরন দেওয়া যায় আশে পাশের অংশ বর্জ্জিত রেখে।

i) Stereo State Radio Surgery (Gamma Knife)

এই পদ্ধতিতে কোবাল্ট এর তৈরী গামা কিরন দিয়ে চিকিৎসা করা হয়।

বিভিন্ন অনুশোধন দ্বারা টিউমারের স্থান স্থির করা হয় আগে। পরে রোগীর মাথা মেট্‌ল ফ্রেমের মধ্যে এবং হেল্‌মেটের মধ্যে রেখে চারদিক থেকে পাঁচ ঘন্টার জন্য অতি শক্তিশালী 'গামা' কিরন দেওয়া হয়। মাত্র একবারই এই প্রকারের গামা কিরন দেওয়া হয়।

এই পদ্ধতির বিস্তরিত বিবরণ JASCAP এর অফিস থেকে পাওয়া যেতে পারে।

ক্ষ কিরণ চিকিৎসার বিরূপ প্রতিক্রিয়া:-

ক্ষ কিরণের শক্তির ওপর ও কালের ওপর নির্ভর হয় এই সব প্রতিক্রিয়া। এর জন্য কখনওখুব অল্প প্রতিক্রিয়া, যেমন বমির ভাব বা মাথা ঘোরা হোতে পারে অথবা বেশী প্রমাণেও প্রতিক্রিয়া হোতে পারে।

রোগীর নিজেকে অসুস্থ বোধ করা

কখন কখনও রোগ ক্ষ কিরণ চিকিৎসার পর নিজের অসুস্থ বোধ করেন। বমির ভাব কিম্বা বমি হয়। খাওয়ার ইচ্ছা চলে যেতে পারে। কিম্বা খাওয়ার জিনিষের স্বাদ হারাতে পারেন।

চিকিৎসা আরম্ভ করার আগে এক Mould তেরী করা হয় যাতে করে রোগীর মাথা একজায়গায় স্থির থাকে। এই Mould-এর সাহায্যে নির্ধারিত স্থাণে ক্ষ কিরণ দেওয়ার সুবিধা হয়।

এই প্রকারের চিকিৎসায় রোগীর কোনও প্রকার অসুবিধা হয় না এবং এই চিকিৎসার জন্য কেবল কয়েক মিনিটই লাগে।

প্রসারিত টিউমার কিংবা ভয়ংকর ঘাতক টিউমারের চিকিৎসার জন্য, অল্প ক্ষমতা কিরণ সমস্ত মাথায় দেওয়া হয় এবং এই প্রকারের চিকিৎসার জন্য Mould of Shell এর দরকার হয় না।

'ক্ষ' কিরণ চিকিৎসার বিস্তারিত বিচার ব্যবস্থা

যাতে করে রোগীর সব চেয়ে বেশী উপকার হয়, তার জন্য এই চিকিৎসার রীতিমত বিচার করা প্রয়োজন।

চিকিৎসক আরম্ভ করার পূর্বের রোগীর যে অংশের কিরণ চিকিৎসা যেওয়া হবে, তার মেসিন দিয়ে এক্সরে নেওয়া হয়। এই পদ্ধতি চিকিৎসা রীতিমত দেওয়ার জন্য খুবই প্রয়োজনীয়।

চিকিৎসা আরম্ভ করার আগে রোগীকে, ক্ষ কিরণ সহায়ককা কর্মচারীর ঠিকমত টেবিলের ওপর শোওয়ার জন্য সাহায্য করবেন। এর পর 'ক্ষ' কিরণ দেওয়া হয় কয়েক মিনিটের জন্য। চিকিৎসা পূর্ণ হওয়ার পর রোগীকে পাশের ঘরে কিছু সময়ের জন্য শুইয়ে রাখা হয় এটা দেখার জন্য, যে রোগীকে ক্ষ কিরণ চিকিৎসা দেওয়াতে তার বিরূপ প্রতিক্রিয়া কিছু হচ্ছে কিনা।

'ক্ষ' কিরণ চিকিৎসা করার অন্যান পদ্ধতি:-

এই চিকিৎসা পদ্ধতিতে 'ক্ষ' কিরণ টিউমারকে বিশেষ লক্ষ্য করে এবং লক্ষভেদী কিরণ কেবলমাত্র টিউমারকে দেওয়া হয়। আশেপাশের অংশকে কিরণমুক্ত রাখা হয়।

এই সব পার্শ্ব প্রতিক্রিয়ার জন্য, রোগী ডাক্তারের পরামর্শ মত অসুখ খেলে, ঐ সব লক্ষণ চলে যায় কিছু সময়ের মধ্যেই। JASCAP পুস্তিকাতে এই লক্ষণের কি প্রকারে দূর চল যায়, তার বিস্তারিত বিবরণ পাওয়া যেতে পারে।

অক্ষমতা বা শারিরীক অশক্তি

''ক্ষ'' কিরণ চিকিৎসা অধিকাংশ সময়েই রোগীকে শক্তিহীন অবস্থায় নিয়ে যেতে পারে।

এর বিস্তারিত উপায়ও বিধানও JASCAP এর পুস্তিকাতে পাওয়া বেতে পারে।

ঘুম পাওয়া

এই বিরূপ প্রতিক্রিয়া, চিকিৎসা চলবার সময় হোতে পারে কিম্বা বাড়তে ও পারে চিকিৎসা শেষ হওয়ার পর।

এই প্রতিক্রিয়া চিকিৎসার দুই সপ্তাহের পর বেশী হয় এবং পরে আস্তে আস্তে কম হোয়ে যায়। কখনও কখনও চিকিৎসা আরম্ভ হওয়ার চার থেকে ছয় সপ্তাহের মধ্যে এই প্রকারের প্রতিক্রিয়া খুব বেড়ে যায় এবং পরে ধীরে ধীরে কম হয়।

চুল পড়ে যাওয়া

'ক্ষ' কিরণ চিকিৎসায় শরীরের যে কোনও অংশ থেকে চুল পড়ে যেতে পারে। এই প্রতিক্রিয়া সাধারণত: অল্প স্থায়ী হয়। কিন্তু কখনও কখনও এটা চিরস্থায়ীও হোতে পারে।

চুল পড়ে যাওয়ার পরিমান, 'ক্ষ' কিরণের প্রমাণের (ডোজ) এর ওপর নির্ভর করে।

অধিকাংশ সময়ে চিকিৎসা শেষ হওয়ার দুই বা তিন মাসের পরে নতুন করে চুল গজাতে থাকে।

চামড়ার রোগ

কোনও কোনও রোগীর চামড়ায় 'ক্ষ' কিরণের জন্য, পরিবর্তন আসে, যেমন অধিক সুর্য্য কিরণ থেকে হয়।

এই প্রকারের বিরূপ প্রতিক্রিয়া চিকিৎসা আরম্ভ হওয়ার তিন কিংবা চার সপ্তাহের পর দেখা দেয়।

যাদের চামড়ার রং ফরশা, তাদের চামড়া লাল হোয়ে যায় এবং চুলকানি হোতে পারে। যাদের চামড়া ফরশা নয়, তাদের চামড়ার রং কালো কিম্বা বেগুনী হোয়ে যেতে পারে।

এই সব প্রতিক্রিয়া, ক্ষ কিরণের ডোস এর ওপর নির্ভর করে। এই সব বিরূপ প্রতিক্রিয়ার জন্য চিকিৎসা, রোগীর ডাক্তার বা পরিচারিকা দিতে পারেন।

কোনও কোনও রোগীর চিকিৎসা পূরো হওয়ার পর ব্রেন টিউমারের জন্য ব্যথা বেদনা বা লক্ষণ বেড়ে যেতে পারে। এই কারণে রোগীর মনে হোতে পারে যে ব্রেন টিউমারটি খারাপের দিকে চলছে। কিন্তু এই লক্ষণগুলি 'ক্ষ' কিরণ চিকিৎসারই বিরূপ প্রতিক্রিয়া।

এই প্রকারের লক্ষণ দেখা দিলে রোগী তাঁর ডাক্তারের সঙ্গে পরামর্শ করে তাঁদের উপদেশ অনুযায়ী চিকিৎসা নিতে পারেন।

রসায়নিক চিকিৎসা (কেমোথেরাপি)

রসায়নিক চিকিৎসা পদ্ধতিতে, ক্যানসার বিনাশক অসুধের দ্বারা ক্যানসার কোষের বিনাশ করা ও সেগুলির প্রজজন বা বিভাজন বন্ধ করে দেওয়া হয়। JASCAP এর রসায়নিক চিকিৎসার পুস্তিকাটিতে, এই চিকিৎসার প্রকার ও তার পার্শ্ব প্রতিক্রিয়া কি হয় তার সম্বন্ধে বিস্তারিত আলোচনা করা হোয়েছে। রোগীর জন্য কোন বিশিষ্ট অসুধ, উপযুক্ত হবে, কি প্রমাণে দেওয়া হবে এবং তার কোন্ কোন্ পার্শ্ব বিরূপ প্রতিক্রিয়া হতে পারে, তারও বিস্তারিত বিবরণ উপরোক্ত পুস্তিকার থেকে জানা যাবে।

রসায়নিক চিকিৎসা প্রত্যেক প্রকার ব্রেন টিউমারের জন্য প্রয়োগ করা হয় না। কেবল রসায়নিক চিকিৎসা অথবা 'ক্ষ' কিরণ চিকিৎসার সঙ্গে রসায়নিক চিকিৎসা দেওয়া হয় তাদের যাদের প্রাথমিক ব্রেন টিউমার শল্যচিকিৎসা দ্বারা বার করে দেওয়া যায় না। রসায়নিক চিকিৎসা প্রসারিত ব্রেন টিউমারের জন্য ও প্রয়োগ করা হয়। এই পরিস্থিতিতে রসায়নিক চিকিৎসা ব্রেন টিউমারের সম্পূর্ণ নাশ করতে না পারলেও টিউমারের আকার কম করতে সাহায্য করে অথবা টিউমারের বর্দ্ধন কম করে, রোগীর বেদনা কম করতে সাহায্য করে।

বিভিন্ন প্রকারের রসায়নিক চিকিৎসা দেওয়া হোতে, পারে। কোনও কোনও টিউমারের জন্য টেবলেট এর রূপে দেওয়া হয়, ধমনীর মারফতে রসায়ন চিকিৎসার প্রকার টিউমারের প্রকারের ওপর নির্ভর করে। রসায়ন চিকিৎসা হাসপাতালে ভর্তি না হয়ে ও আউট পেসেন্ট হিসাবেই নেওয়া যায়।

- রসায়ন চিকিৎসার পার্শ্ব প্রতিক্রিয়া।
- রসায়ন চিকিৎসা লাভ ও ক্ষতি অংশের বিবরণ।

রসায়ন চিকিৎসার পার্শ্ব প্রতিক্রিয়া

উপরোক্ত চিকিৎসা পদ্ধতিতে অনেক প্রকারের বিরূপ প্রতিক্রিয়া হওয়ার সম্ভবনা থাকে। কোনও টিউমারের ওপর রসায়ন চিকিৎসা ফলদায়ক নাও হতে পারে। রোগীর সাধারণ স্বাস্থ্য সঠিক থাকলে, রসায়নিক চিকিৎসা তার জন্য বেশী ফলদায়ক হবে এবং রোগীর শরীরের ওপর পার্শ্ব-প্রতিক্রিয়াও অল্প প্রমাণে হবে। রোগীর কোন্ পরিস্থিতিতে কোন্ প্রকারের চিকিৎসা করা লাভদায়ক হবে, সেটা ডাক্তারের সঙ্গে পরামর্শ প্রমাণে ঠিক হয়।

অনেক রোগীর খুব অল্প প্রমাণে পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দেয় এবং এই লক্ষণগুলি সহজেই অসুধের সেবনের দ্বারা লাভদায়ক হয়। রসায়নিক চিকিৎসার প্রধান লক্ষণ এবং সেগুলির চিকিৎসা কি ভাবে করা হয়, তার বিবরণ নীচে দেওয়া হোলো।

কিটানু নাশের শক্তি কম হওয়া

রসায়নিক চিকিৎসার কেবল ক্যানসার কোষই নষ্ট হয়, তা নয়, শরীরের সুস্থ কোষ গুলিও প্রভাবিত হয়। রক্তের শ্বেতকনিকার প্রমাণ কম হোয়ে যায়। শ্বেতকনিকার সংখ্যা কম হোলে, রোগী খুব সহজেই কিটানু আক্রান্ত হওয়ার সম্ভবনা থাকে। এই কারণে রসায়নিক চিকিৎসা চালু থাকা কালে, রোগীর রক্তের অনুসন্ধান মাঝে মাঝে করে রোগীর রক্তের মধ্যে কনিকার প্রমাণ তা জেনে নেওয়া দরকার। প্রয়োজন হোলে রোগীকে এন্টিবায়োটিক অসুধের দ্বারা চিকিৎসা করে তাকে রোগমুক্ত করা হয়।

যদি রোগীর হঠাৎ তাপমাত্রা 38°c (38°c) এর ওপর যায় বা রোগী যদি হঠাৎ অসুস্থ বোধ করে, তাহলে রোগীর ডাক্তারের সঙ্গে যোগাযোগ করে তাকে অসুধ দেওয়ার ব্যবস্থা করা প্রয়োজন।

রক্তাল্পতা

রাসায়নিক চিকিৎসায়, লাল রক্ত কনিকাও কম হয়ে যেতে পারে এবং রক্তের হিমোগ্লোবিনের মাত্রা কমে যেতে পারে। সেই কারণে রোগী নিজেকে অসুস্থ মনে করে, রোগীর শরীরের শক্তি কম হোতে পারে। এই উপরোক্ত লক্ষণ রক্তল্পতার জন্য প্রকট হয়।

রক্তশ্রাব ও চামড়ার নীচে রক্ত জমা হওয়া

রক্তের শ্বেতকনিকা ও লাল কনিকার কম হওয়ার সঙ্গে সঙ্গে রক্তশ্রাব বন্ধ করার জন্য কনিকা (প্লেট লেট্) এর সংখ্যাও কম হোতে পারে। প্লেটলেট কম হওয়ার জন্য, রোগী অল্প আঘাৎ পেলেও চামড়ার নীচে রক্ত জমা হোয়ে যায় এবং অল্প আঘাতের জন্য কেটে যাওয়াতে রক্ত শ্রাব হোতে পারে। কখনও কখনও শরীরের ভিতর ও রক্তশ্রাব হোতে পারে, যদি রক্তের মধ্যের প্লেটলেটের প্রমাণ কম হোয়ে যায়।

বমীর ভাব হওয়া কিম্বা খিদে কম হওয়া

রসায়নিক চিকিৎসার কারণ উপরোক্ত লক্ষণ দেখা দিতে পারে। এই লক্ষণ দূর করার জন্য রোগীকে ডাক্তারের পরামর্শ অনুযায়ী অসুধ খেতে হবে।

খিদে না পাওয়া কিম্বা বমীর ভাব হওয়ার চিকিৎসার জন্য JASCAP এর যে পুস্তিকা পাওয়া যায় সেইটি পড়লে রোগীর অনেক সাহায্য হবে, ঐ সব লক্ষণ কম করার জন্য তাতে বিস্তারিত বিবরণ আছে।

চুল পড়ে যাওয়া বা কেশহানি

যে সব রসায়নিক ঔষধ ব্রেন টিউমারের জন্য ব্যবহার করা হয়, সেগুলি সাধারণত: চুল পড়ার কারণ হয় না। যদি ও রোগীর চুল পড়ে যায় চিকিৎসাকালীন তাহলেও তিন থেকে ছয় মাসের মধ্যে চুল আবার গজাবে।

এটা মনে রাখা দরকার যে রসায়নিক চিকিৎসা বিভিন্ন রোগীর ওপর বিভিন্ন লক্ষণ প্রকট করে। কোনও রোগীকে অল্প প্রমাণে পার্শ্ব প্রতিক্রিয়ার মুখোমুখী করতে হয়। কেউ কেউ কে বেশী প্রমাণে সহ্য করতে হয় এই পার্শ্বপ্রতিক্রিয়া।

অবশ্য চিকিৎসা একবার শেষ হোলে ধীরে ধীরে সব প্রতিক্রিয়া কম হোয়ে যেতে থাকে।

রাসায়নিক চিকিৎসা থেকে লাভ ও ক্ষতির প্রমাণ

অনেক রোগী বা তার আত্মীয় সজন খুব ভয় পায়, রসায়নিক চিকিৎসার কথা শুনলেই, বিশেষ করে এর বিরূপ পার্শ্ব প্রতিক্রিয়ার ভয়ে। কিন্তু আধুনিক চিকিৎসা রীতি এবং পার্শ্ব প্রতিক্রিয়ার চিকিৎসা পদ্ধতি সম্বন্ধে রোগীকে বা রোগীর আত্মীয় সজনকে বিশেষ ভাবে জ্ঞাত করা হোলে এই ভয় অনেক কমে যাবে এবং তাঁদের বিশ্বাস হবে যে রসায়নিক চিকিৎসা কিছু ভীতিদায়ক নয়।

যাইহোক, এই চিকিৎসা খুব ভীতি প্রদ হওয়ার কারণে রোগী বা রোগীর আত্মীয়সজন জানতে ইচ্ছুক হয়, যে এই চিকিৎসা না নিলে রোগীর কি পরিস্থিতি হোতে পারে।

এই রসায়নিক চিকিৎসা ব্রেন টিউমারের রোগীর, টিউমারটি কে সংকুচিত করে রোগীকে কিছু টা আরামদেয় এবং রোগীকে সাধারণ জীবন এর লাভ নিতে সাহায্য করে।

কোন কোনও ব্রেনটিউমার এই রসায়নিক চিকিৎসার দ্বারা সংকুচিত হওয়ায় রোগীকে বিশেষ আরামদেয় অথবা কোনও কোনও টিউমারের ওপর এই চিকিৎসার কোনও প্রকার প্রভাব না হওয়ার জন্য রোগী কেবল চিকিৎসার পার্শ্বপ্রতিক্রিয়া থেকেই ভুগতে থাকে।

এই কারণের জন্য এই রসায়নিক চিকিৎসা রোগীকে দেওয়া হবে কিনা এবং তার জন্য লাভ ও ক্ষতির পরিমান কি, সেটা রোগীর ডাক্তার, রোগীর ও তার আত্মীয় সজনের সঙ্গে আলোচনা ও বিচার বিমর্শ করেই ঠিক করতে পারেন।

চিকিৎসার পর নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা

রসায়নিক চিকিৎসাক শেষ হওয়ার পর, রোগীর ডাক্তার ঠিক করবেন, রোগীর স্বাস্থ্য পরীক্ষা কি ভাবে এবং কতদিন পর পর করা প্রয়োজন। কোনও কোনও রোগীর মাঝে মাঝে ব্রেন স্কেন করতে হোতে পারে। আবার কারও কারও কেবল নিয়মিত স্বাস্থ্য পরীক্ষাই উপযুক্ত মনে হয়।

চিকিৎসা শেষ হওয়ার পর রোগীর যদি কোনও অসুস্থতার লক্ষণ হঠাৎ দেখা দেয়, তাহলে রোগীকে সঙ্গে সঙ্গে হাসপাতালে অথবা রোগীর ডাক্তারের কাছে পরীক্ষার জন্য নিয়ে যাওয়া প্রয়োজন।

টিউমারের পুন: উদ্ভব। (রীকরন্স)

কখনও কখনও সম্পূর্ণ চিকিৎসার পরও, আবার টিউমারের উদ্ভব হোতে পারে। যদি এই পরিস্থিতির মধ্যে রোগী পড়েন, তাহলে রোগীর ডাক্তার রোগীকে জানাবেন, এই টিউমারের পুনরোদ্ভব কতটা ভয়ানক এবং এর জন্য কি চিকিৎসা নেওয়া প্রয়োজন। টিউমারের পুনরোদ্ভব, প্রসারিত (সেকেন্ডারী) টিউমারের থেকে আলাদা। প্রসারিত টিউমারের সম্বন্ধে বিস্তারিত বিবরণ JASCAP এর এই সম্বন্ধিত পুস্তিকায় পাওয়া যাবে।

ব্রেন টিউমারের পুনরোদ্ভব হোলে, সেটা রোগীর মনের ওপর ভয়ানক ধাক্কাদায়ক হয়। এই পরিস্থিতিকে কেমন ভাবে মুখামুখি করতে হবে, সেটা JASCAP এর পুস্তিকার থেকে রোগী ও তার আত্মীয়রা জানতে পারেন।

পুর্নবাস ও সুস্থ হওয়ার জন্য, কে সাহায্য করতে পারে

ব্রেন টিউমার এর থেকে রোগমুক্ত হওয়ার জন্য ও পুর্নবাসনের জন্য বেশ অনেক সময় লাগতে পারে। কখন কখনও রোগমুক্ত হওয়ার দীর্ঘ সময় লাগার জন্য রোগী মানসিক অসুস্থতাবোধ করতে পারে।

রোগীর সুস্থ হওয়ার বেগ অনেক কারণের উপর নির্ভরশীল। এটা নির্ভর করে ব্রেনটিউমার এর প্রকার, ব্রেনটিউমার ব্রেনের কোন অংশে হোয়েছে এবং কি প্রকারের চিকিৎসা রোগীকে দেওয়া হোয়েছে। রোগের থেকে মুক্ততা, হোতে পারে আংশিক কিংবা সম্পূর্ণ।

রোগীকে হাসপাতাল থেকে বাড়ীতে পাঠানোর প্রক্রিয়া, নিয়ম সাপেক্ষ হওয়া প্রয়োজন। রোগীর অবস্থা সম্বন্ধে, রোগীর পরিবারের ডাক্তারকে এবং নার্সকে বিস্তারিত বিবরণ দেওয়া প্রয়োজন।

তাঁদের জানানো প্রয়োজন কি

- রোগীর কি কি করা উচিত।
- রোগীর শারিরিক অবস্থার সম্পূর্ণ ইতিহাস।
- রোগীর সঙ্গে উপযুক্ত এবং আনন্দদায়ক বার্তালাপ।
- মোটরগাড়ী চালনো সম্বন্ধে রোগীকে সচেতন করা।
- এবং রোগীকে কাহারা বিশেষ সাহায্য করতে পারবে, তাদের বিবরণ।

রোগী কি করবে ?

অনেক রোগী টিউমারে পীড়িত হোয়েছে জানলে, তার ভয়, হতাশা ও উৎকন্ঠা দেখা দিতে পারে। এই পরিস্থিতিতে রোগীকে ডাক্তারের হাতে সমর্পন করা ছাড়া আর কিছুই উপায় নেই। কিন্তু বাস্তবিকভাবে রোগীর আত্মীয় সজন বন্ধুবান্ধব রোগীকে অনেক সাহায্য করতে পারেন, রোগিকে তার হতাশ অবস্থা থেকে বার করার জন্য।

রোগীর রোগের সম্বন্ধে সম্পূর্ণ জ্ঞাতব্য

যদি রোগীও রোগীর আত্মীয়রা রোগির রোগ সম্বন্ধে জ্ঞাত থাকে, তাহলে রোগী রোগের সঙ্গে সংর্ঘষ করার জন্য পরিপূর্ণ তৈরী থাকতে পারবে। এই ভাবে রোগী জানবে, তার সামনে কোন প্রকারের বিপত্তি উপস্থিত হোয়েছে।

রোগের সম্বন্ধে জ্ঞান, কোনও বিশ্বাসী এবং জ্ঞানী লোকের কাছ থেকে জানা প্রয়োজন যেতু রোগী অহেতুক ভয় পাবেনা। রোগীর নিজের ডাক্তারের কাছ থেকে রোগীর নিজের সম্বন্ধিত মেডিকেল জ্ঞান ও শারিরিক অবস্থার বিস্তারিত বিবরণ জানা প্রয়োজন।

পূর্বোক্ত অনুদেশ অনুযায়ী, রোগী ডাক্তারের কাছে কিম্বা হাসপাতালে যাওয়ার পূর্বে এক প্রশ্নতালিকা তৈরী করে নিয়ে যাবেন এবং সঙ্গে কোনও বন্ধু বা আত্মীয়কে নিয়ে যাবেন, যাঁরা রোগীকে তার প্রশ্নগুলির সম্বন্ধে সচেতন করতে পারবেন, বিশেষ করে যে প্রশ্নগুলি রোগীর ভুলে যাওয়ার সম্ভবনা থাকতে পারে।

কার্যকরী এবং ফলপ্রদ উপায়

অনেক সময় রোগী কিছু কিছু কাজ করতে অসক্ষম হতে পারে, যা তার পক্ষে আগে খুব সহজ সাধ্য ছিলো। কিন্তু আস্তে আস্তে যখন ভালো হতে আরম্ভ করবে, তখন রোগী নিজেই কিছু ধেয় বা লক্ষ্য স্থির করে, নিজের আত্মনির্ভরতা ধীরে ধীরে বাড়াতে পারবে। রোগী মানসিক ও শারিরিক সুস্থতার দিকে ধীরে ধীরে বাড়তে পারবে।

অনেকে রোগীকে রোগের সঙ্গে যুদ্ধ করার কথা বলবেন এইটা সম্ভব হবে যখন রোগীর নিজের রোগ সম্বন্ধে সচেতন হবে। রোগীকে নিয়মিত স্বাত্বীক ও পরিপূর্ণ আহারের আয়োজন করতে হবে। মানসিক সুস্থতার জন্য রোগী মনের মধ্যের সব অহেতুক চিন্তা দূর করতে হবে। এই বিষয়ের বিস্তারিত বিবরণ রোগী ক্যানসার এবং তার অনুসাঙ্গিক চিকিৎসা বা ক্যানসার রোগীর জন্য আদর্শ ভোজন তালিকা ইত্যাদির বিবরণ JASCAP এর প্রকাশিত পুস্তিকাতে পাওয়া যেতে পারে।

অনেক রোগী, নিজের অনুভবের থেকে ধীরে ধীরে জানতে পারবে তার সব কাজের জন্য মানসিক ও স্বারিরিক শক্তি কি ভাবে উপযোগ করতে হবে।

রোগীকে নিজের প্রয়োজন ও স্বক্ষমতা অনুযায়ী, প্রতিদিন ব্যায়াম করতে হবে। এই সম্বন্ধে রোগী, নিজের লক্ষ্য নিজেই স্থির করবে এবং ধীরে ধীরে তার দিকে অগ্রসর হবে।

রোগীর যদি প্রস্তাবিত শারিরিক ব্যায়াম ও নিয়মিত সন্তুলিত আহার নেওয়া পছন্দ না করেন তাহলে তিনি নিজের ইচ্ছা অনুযায়ী ও নিজের সুবিধা অনুযায়ী আহার ও চালু রাখতে পাবেন।

কোনও কোনও রোগী মনের শান্তির জন্য কিছুদিন বিরাম উপভোগ করতে পারেন বা কোনও হবি তে মন লাগিয়ে নিতে পারেন।

গাড়ী চালানোর সম্বন্ধে উপদেশ

কোনও কোনও ব্রেন টিউমার এর রোগী মানসিক ও স্বারিরিক অসুস্থতার কারণে গাড়ী চালাতে পারবেন না এবং ডাক্তার তাকে গাড়ী চালাতে নিশেধ করেন।

রোগীকে কাহরা সাহয্য করতে পারবেন

এটা মনে রাখা দরকার যে, জগতে এরকম অনেক লোক আছেন, যাঁরা রোগীকে বা রোগীর আত্ময়ীজনের মনোবল বাড়াতে পারেন। রোগীর নিজের রোগের সম্বন্ধে কুতুহল, এমন কোনও লোকের কাছ থেকে পরিস্কার জেনে নেবে, যাঁহার রোগীর রোগ বা চিকিৎসার সঙ্গে সাধারণ কোনও সম্বন্ধ নেই। কিম্বা রোগী কোনও পরামর্শকের কাছ থেকে নিজের প্রশ্নগুলির উত্তরও জেনে নিতে পারেন।

কোনও কোনও রোগী এই সময় আধ্যাত্বিকতার মধ্যে থেকে মনের শান্তি পায়, ও সেটা নেওয়া স্বাভাবিক।

সমাজের মধ্যে আরও অনেকে রোগীকে সাহায্য করতে পারেব। কোন কোনও নার্শ, য়ারা পারিবারিক চিকিৎসকের সঙ্গে কাজ করেন, তার ডাক্তারের পরামর্শ অনুযায়ী, রোগীর বাড়ীতে এসে তার স্বারিরিক ও মানসিক ক্লেশ দূর করতে সাহায্য করতে পারে।

কোন কোনও হাসপাতালে, এই প্রকারের মানসিক ও স্বারিরিক গ্লানী দূর করার জন্য শিক্ষিত নার্শ-থাকে। এরা রোগী হাসপাতালে ভর্তি থাককালীন সময়ে বা রোগীর ঘরে এসেও রোগীকে সাহায্য করতে পারে।

রসায়নিক চিকিৎসার জন্য নতুন ঔষধের অনুসন্ধান ও হাসপাতালে তার প্রয়োগ। (ক্লিনিক্যাল ট্রায়ল)

ক্যানসারের চিকিৎসার জন্য নতুন ও উপযুক্ত চিকিৎসার জন্য, অনুসন্ধান ও গবেষণা সতত: চল্‌তে থাকে।

যখন নতুন ঔষধের অনুসন্ধান আরম্ভ হয়, তখন সেই ঔষধকে অনেক প্রক্রিয়ার মধ্যে দিতে যেতে হয়। প্রথমে ঔষধের ল্যাবরেটারীতে পরীক্ষা করা হয়। টেষ্ট টিউমারএর মধ্যে সেই ঔষধ ক্যানসার কোষের ওপর কি রকম আকাঙ্খিত ফলদিচ্ছে তার পরীক্ষা করা হয়। যদি এই প্রণালী দ্বারা পরক্ষী করে স্থির হয় যে, ঐ পরিক্ষিত ঔষধটি ক্যানসার চিকিৎসার জন্য ফলপ্রদ হোতে পারে, তাহলে এল পরবর্তী উপায়, ঐ ঔষধ, নিয়মিত প্রমাণে রোগীকে দেওয়া হয়। কোন হাসপাতালের পরিসরের মধ্যে, যাকে ক্লিনিক্যাল ট্রায়ল বলা হয়। এই পরীক্ষা প্রণালী দ্বারা এটা স্থির করা যায়, ঔষধের কোন প্রমানটি ফলপ্রদ হবে কিন্তু রোগীর কোনও ক্ষতিকারক হবে না এবং তার পার্শ্বপ্রতিক্রিয়া বা কি হচ্ছে। এই ভাবে জানা যায় কোন ক্যানসার কোষের উপর, প্রয়োগিত ঔষধ উপযুক্ত হবে। একে প্রথম পর্য্যায়ের পরিবেক্ষণ (ট্রায়ল) বলা হয়।

এই প্রথম পর্য্যায়ের পরিবেক্ষণ এর পর যদি এটা নিশ্চিত হয়, যে প্রয়োগিত ঔষধ হানিকারক নয় ও অধিক ফল প্রদ এবং এই ঔষধ পূর্ব প্রচলিত ঔষধের অপেক্ষা বেশী ফলদায়ক, তাহলে ঐ নতুন ঔষধের আরও পরিবেক্ষণ করা হয়।

অনেক সময় প্রাথমিক অনুসন্ধান ও পরিবেক্ষনে মনে হয়, নতুন আবিস্কৃত ঔষধটি খুব ফলদায়ক, কিন্তু অনেক কাল পরিবেক্ষনের পর হয়তো এটা সিদ্ধ হয়, যে নতুন ঔষধ পূরানোর ঔষধের চেয়ে উৎকৃষ্ট নয় অথবা তার পার্শ্ব প্রতিক্রিয়া, ঔষধের লাভের ভাগের থেকে বেশী হানিকারক।

প্রায়গিক অনুসন্ধান ও পরিবেক্ষনের বিষয়ে জানতে হলে JASCAP এর এই সম্বন্ধিত পুস্তিকার মধ্যে পাওয়া যাবে।

JASCAP এর জ্ঞানবর্ধক পুস্তিকা/অনলাইন স্থান

- **ক্যানসার হওয়ার কলে রোগীর উপর মনোবৈজ্ঞানিক প্রভাব**

  কার্যকারী উপদেশ ও উপায় দেওয়া হয়, কি প্রকারের রোগী, এই ক্যানসার জড়িত মনোবৈজ্ঞানিক প্রভাবের থেকে বাইরে আসতে পারবে।

- **ক্যানসারের সম্বন্ধে আলোচনা**

  কার্য্যকারী উপদেশ ও পথদর্শি উপায় ক্যানসার রোগীকে দেওয়া হয়, সে নিজের আত্মীয় স্বজনের সঙ্গে, বন্ধুর সঙ্গে বা তার ডাক্তারের সঙ্গে কি ভাবে আলোচনা করবে, তাঁর নিজের রোগের অনুসন্ধান বা চিকিৎসার বিষয়ে।

- **নাবালক রোগীকে তার রোগের সঙ্গে পরিচিত করা**

  নাবালক রোগীর পিতামাতাকে জানানো হয়, তাদের নাবালক রোগীকে কি ভাবে জ্ঞাত করবেন তাহার রোগের বিষয়ে।

- **অনাত্মীয় লোকোদের সঙ্গে ক্যানসার বিষয়ে আলোচনা**

  কার্যকারী উপদেশ ও মার্গদশন করে দেওয়ার রীতি, বন্ধুবর্গও আত্মীয় স্বজনকে মনোবৈজ্ঞানিক ও কার্য্যকারী সাহায্য কেমন করে দেওয়া যায় তার মার্গদর্শন।

জ্যাসকাপের উদ্ভাবন রিসোর্সেস (resources):

- **ক্যান্সারের মানসিক - আবেগময় প্রভাব:**
  ক্যান্সারের আবেগময় প্রভাবের সাথে কিভাবে এঁটে উঠতে হয় সেসম্পর্কে ব্যবহারিক উপদেশ এবং নির্দেশনাবলী।

- **আপনার ক্যান্সারের বিষয়ে কথা বলা:**
  ক্যান্সার রোগীদের জন্য ব্যবহারিক উপদেশ এবং নির্দেশনা যা রোগীর ক্যান্সার চিকিৎসা এবং ক্যান্সারের উপসর্গ দেখে রোগ নিরূপন-ডায়াগনোসিস থেকে যে সমস্ত মানসিক আবেগময় এবং ব্যবহারিক বিচার্য্য বিষয় উঠে আসে সে সম্বন্ধে পরিবারের বন্ধু-বান্ধব, রোগীর সেবা-শুশ্রুষাকারী এবং সহানুভুতিকদের সহিত সামাজিক আদান-প্রদান ও সংযোগ স্থাপনে সাহায্য করবে।

- **সন্তানদের সাথে কথাবার্তা বলা:**
  ব্যবহারিক উপদেশ এবং নির্দেশনা যা ক্যান্সার রোগাক্রান্ত পিতা-মাতাদেরকে তাদের সন্তানদের সাথে ক্যান্সার রোগ নিয়ে কথাবার্তা বলতে সাহায্য করবে।

- **ক্যান্সার বিষয় নিয়ে যেকোন কারো সাথে কথা বলা:**
  বন্ধু-বান্ধব, রোগীর সেবা-শুশ্রুষাকারী এবং পারিবারিক সদস্যদের জন্য ব্যবহারিক উপদেশ এবং নির্দেশনা যা তাদের ক্যান্সার রোগাক্রান্ত বন্ধু অথবা আত্মীয় স্বজনের সাথে কথাবার্তা বলতে সাহায্য করবে এবং মানসিক আবগেময় এবং ব্যবহারিক শক্তি ও উৎসাহদান করতে এবং পাশে দাঁড়িয়ে সহযোগিতা প্রদানের নিমিত্ত যথোচিত ব্যবস্থা গ্রহণে সাহায্য করবে।

উপরোক্ত প্রতিটি বিষয়ের উপরেই জ্যাসকাপের পুস্তিকা রয়েছে।

জ্যাসক্যাপ: আমারা আপনার সহযোগিতা কামনা করি

আমরা আশা করি যে, এই পুস্তিকাটি অধ্যয়ন করে আপনি এর প্রয়োজনীয়তা ও উপকারিকতা আছে বলে মনে করেছেন।

অন্যান্য ক্যান্সার রোগী এবং তাদের পরিবারের সদস্যবৃন্দকে সাহায্য করার জন্য আমরা আমাদের 'রোগীর ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য পরিসেবা'/'patient information Service'-এর বিভিন্ন ভাবে প্রসার ঘটাতে ইচ্ছা করি কারণ আমরা মনে করি যে, ক্যান্সার সম্বন্ধে সচেতনতা ও জ্ঞানবৃদ্ধির লক্ষ্যে এর প্রয়োজনীয়তা রয়েছে।

আমাদের প্রতিষ্ঠান স্বেচ্ছাকৃত দানের উপর নির্ভরশীল। তাই আপনাকে অনুরোধ করা হচ্ছে যে, আপনার দান (ডোনেশন) জ্যাসক্যাপ'-এর অনুকূলে মুম্বাইতে পরিশোধনীয় চেক অথবা ডিমান্ড ড্রাফ্ট (D/D) দ্বারা পাঠিয়ে আমাদেরকে বাধিত করবেন।

পাঠকদেরজন্য সূচনা

আপনাদের নীচে দেওয়া এই তথ্য মনে রাখা প্রয়োজন যে, জ্যাসক্যাপের এই পুস্তিকা/ফ্যাক্টশীট চিকিৎসা সম্পর্কীয় পরামর্শ অথবা পেশাদারী পরিসেবা দেওয়া উদ্দেশ্যে তৈরী হয় নাই। এর উদ্দেশ্য হল শিক্ষাসংক্রান্ত অভিজ্ঞতাকে বর্ধিত করা। জ্যাসক্যাপের দ্বারা যোগানো তথ্য সতর্কভাবে রোগীর সেবা-যত্ন, দেখাশুনা ও পরিচর্যার বৈকল্পিক ব্যবস্থারূপে তৈরী হয় নাহি। পুস্তিকাটি অধ্যয়নের অভিজ্ঞতা থেকে যেকোন স্বাস্থ্য সমস্যা অথবা উপসর্গ দেখে নিজে থেকেই রোগ নির্ধারণ তথা চিকিৎসা করা উচিত নয়। আপনার যদি এই ধরনের কোন সমস্যা অথবা রোগ থাকে অথবা এই রোগ হওয়ার ব্যাপারে কোন সন্দেহ হয়, আপনার উচিত অবিলম্বে আপনার চিকিৎসকের সহিত এ ব্যাপারে পরামর্শ করা।

''জাসক্যাপ''

জাসক্যাপ, জীত এসোসিএশন ফর সপোর্ট টু ক্যানসার পেশন্ট্স্
C/o. অভয় ভগত এণ্ড কম্পনি , অফিস নং4,
শিল্পা, 7টা রাস্তা, প্রভাত কোলোনী,
সাংতাক্রুজ (পূর্ব),
মুম্বঈ - 400 055. (ভারত)

টেলিফোন : 91-22-2616 0007, 2617 7543
ফৈক্স : 91-22-2618 6162
ইমেল : abhay@abhaybhagat.com / pkrjascap@gmail.com

আমদাবাদ : শ্রী ডী. কে. গোস্বামী,
1002, ''লাভ'' শকুন টাভর,
হাইকোর্ট জজদের বাংলোর কাছে,
আমদাবাদ-380 015.
ফোন : 9327010529
ই-মেল : dkgoswamy@sify.com

ব্যাংগালোর : শ্রীমতী সুপ্রিয়া গোপী,
455, ক্রাস ক্র. 1,
এচ্. এ. এল., স্টেজ ক্র. 3,
ব্যাংগালোর-560 075.
ফোন : 91-80-2528 0309
ই-মেল : supriyakgopi@yahoo.co.in

হৈদরাবাদ : শ্রীমতী সুচিতা দিনকর,
ডা. এম্. দিনকর,
জী-4, 'স্টর্লিং এলিগান্ঝা'
স্ট্রীট ক্র. 5, নেহরুনগর,
সিকন্দরাবাদ-500 026.
ফোন : 91-40-2780 7295
ই-মেল : suchitadinaker@yahoo.co.in